



MEET THE PRESS

on 18 April 2017 | 12:30pm
at National Press Conference (VIP Lounge)

Concurrent Exhibitions

2nd AgriChem
BANGLADESH EXPO 2017



২৬-২৯ এপ্রিল 'সেমস্ গ্লোবাল'-এর আয়োজনে ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে- ফুড এন্ড এগ্রো, এগ্রোক্যাম এবং পোল্ট্রি এন্ড লাইভস্টোক ইন্টারন্যাশনাল এক্সপো ২০১৭

আন্তর্জাতিক আয়োজক সংস্থা সেমস্ গ্লোবাল আয়োজন করছে বাংলাদেশে খাদ্যপণ্য এবং কৃষিজাত উপকরণের আন্তর্জাতিক প্রদর্শনী “২য় ফুড এন্ড এগ্রো বাংলাদেশ ইন্টারন্যাশনাল এক্সপো ২০১৭”; “২য় এগ্রোক্যাম বাংলাদেশ এক্সপো ২০১৭” এবং “২য় ইন্টারন্যাশনাল পোল্ট্রি এন্ড লাইভস্টোক বাংলাদেশ এক্সপো ২০১৭”। আগামী ২৬-২৯ এপ্রিল ২০১৭ তারিখে ঢাকাস্থ ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা, কুড়িলে চার দিনব্যাপী এই আন্তর্জাতিক প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

স্পেন, ইউএসএ, পোল্যান্ড, থাইল্যান্ড, চীন, তুরস্ক, ভারত ও বাংলাদেশের খাদ্যপণ্য, কৃষিজাত উপকরণ উৎপাদন এবং প্রক্রিয়াজাতকরণ শিল্পের খ্যাতনামা প্রায় ১২০টি প্রতিষ্ঠান ১৬০টি স্টলের এই আন্তর্জাতিক প্রদর্শনীতে আংশগ্রহণ করছে। যেখানে থাকছে খাদ্যপণ্য, পানীয়, কৃষিজাত পণ্য, পোল্ট্রি পণ্য, বিভিন্ন ধরনের কৃষি উপকরণ, পণ্য প্রক্রিয়াজাতকরণ মেশিনারিজ, রাসায়নিক উপকরণসহ বিভিন্ন ধরনের প্রয়োজনীয় যন্ত্রপাতি প্রদর্শন এবং বিপণনের বিশাল সমাহার।

বাংলাদেশে খাদ্যশিল্প খাতকে সমৃদ্ধ করার লক্ষ্যে আয়োজিত এই প্রদর্শনীতে ক্রেতা, পরিবেশক ও উদ্যোক্তাগণ কৃষির আনুষঙ্গিক উপকরণ ও নতুন নতুন প্রযুক্তির সাথে পরিচিত হতে পারবেন। উৎপাদক ও ভোক্তার সরাসরি সাক্ষাৎ ও আলাপচারিতায় প্রদর্শনীটি একটি ওয়ান স্টপ প্লাটফর্ম হিসেবে কাজ করবে যা বাংলাদেশের খাদ্যশিল্পের বাজার সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম।

উল্লেখ্য যে, সেমস্ গ্লোবাল ১৯৯২ সালে প্রতিষ্ঠার পর থেকে বিগত ২৫ বছরেরও বেশি সময় ধরে দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ায় বহুজাতিক প্রদর্শনীর আয়োজক প্রতিষ্ঠান হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বর্তমানে সংস্থাটি বিশ্বের ৮টি দেশে সেমস্ ইউএসএ, সেমস্ চায়না, সেমস্ ইন্ডিয়া, সেমস্ বাংলাদেশ, সেমস্ শ্রীলংকা, সেমস্ গ্লোবাল এশিয়া প্যাসিফিক সিঙ্গাপুর, সেমস্ ইন্দোনেশিয়া এবং সেমস্ ব্রাজিল নামে নিজস্ব অফিস পরিচালনা করছে; পাশাপাশি আরো ১০টি দেশে এ্যাসোসিয়েট শাখার মাধ্যমে বছরে ৪০টিরও বেশি আন্তর্জাতিক প্রদর্শনী আয়োজন করছে।

প্রদর্শনী উপলক্ষ্যে 'সেমস্ গ্লোবাল' এবং “বিসেফ ফাউন্ডেশন” বাংলাদেশের খাদ্য নিরাপত্তা বিষয়ে সেমিনার 'ফুডকন বাংলাদেশ ২০১৭' আয়োজন করছে। “টাইম টু এ্যাক্ট: সেইফ ফুড ইন বাংলাদেশ” শিরোনামে আয়োজিত সেমিনারটি আগামী ২৬ এপ্রিল বিকাল ৩.০০টায় ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা, কুড়িলে অনুষ্ঠিত হবে।

উক্ত প্রদর্শনীর ব্রডকাস্ট পার্টনার- আরটিভি; মিডিয়া পার্টনার- এশিয়ান এইজ; দৈনিক সমকাল, রেডিও পার্টনার- স্পাইস এফএম; ম্যাগাজিন পার্টনার- সাতকাহন; আইস বিজনেস টাইমস্; কমিউনিটি পার্টনার: বিএজেএএফ; আইটি পার্টনার- আমার টেক; ক্রিয়েটিভ পার্টনার- মার্কেট এজ এবং হসপিটালিটি পার্টনার- এ্যট আর্থ বিডি।

প্রদর্শনীগুলো প্রতিদিন সকাল ১০.৩০ থেকে সন্ধ্যা ৮.০০ পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত থাকবে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন www.cemsonline.com.



Host Country Partner



Broadcast Partner



Radio Partner



Media Partners



Magazine Partners



Community Partner



Hospitality Partner



Creative Partner



IT Partner



Follow us on



www.cemsonline.com

